ভোটকেন্দ্রের বাইরে ব্যালট গণনা করার অনুমতি নেই: ইসি



সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটকে সামনে রেখে ভোটগ্রহণ ও গণনা পদ্ধতিতে কঠোর বিধি জারি করেছে নির্বাচন কমিশন (ইসি)। এ সংক্রান্ত নির্দেশনা রোববার (২৫ জানুয়ারি) চিঠির মাধ্যমে দেশের সব রিটার্নিং কর্মকর্তার কাছে পাঠানো হয়েছে।

নির্দেশনায় স্পষ্ট বলা হয়েছে, কোনো অবস্থাতেই ভোটকেন্দ্রের বাইরে ব্যালট গণনা করা যাবে না। ভোটগ্রহণ শেষ হওয়ার পর সংশ্লিষ্ট কেন্দ্রেই গণনার পুরো প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে ইসি আরও জানিয়েছে, একটি ভোটকক্ষে একই সময়ে একাধিক ব্যালট বাক্স ব্যবহার করা যাবে না। ভোটারদের নির্বিঘ্নে ভোট দেওয়ার সুযোগ বাড়াতে প্রতিটি ভোটকক্ষের সঙ্গে যতটা সম্ভব দুটি গোপন কক্ষ (মার্কিং প্লেস) রাখার নির্দেশ দেওয়া হয়েছে। যেখানে তা সম্ভব নয়, সেখানে অতিরিক্ত ভোটকক্ষ চালু করে ভোটগ্রহণের ব্যবস্থা করতে হবে।

এ ছাড়া ভোটকেন্দ্রের ৪০০ গজের মধ্যে কোনো প্রার্থী বা তার সমর্থকদের নির্বাচনী ক্যাম্প স্থাপন নিষিদ্ধ করা হয়েছে।

LENS ASIA